

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd


নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১০.২২/ ১৬২৪

তারিখ: ০৭.০১.২০২৬ বঙ্গাব্দ  
২০.০১.২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ১৬০তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স (অধ্যক্ষ)-এর প্রশিক্ষণার্থী মনোনয়ন

কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ১৬০তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্স আগামী ১৮-০২-২০২৬ খ্রি. থেকে ১০-০৩-২০২৬ খ্রি. তারিখ মেয়াদে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর অঞ্চলের আওতাধী নতুন জাতীয়করণকৃত ও বেসরকারী কলেজ পর্যায়ের (মাদ্রাসা ব্যতীত) --- জন অধ্যক্ষ মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। কোর্সের জন্য মনোনয়নপ্রাপ্ত প্রশিক্ষণার্থীগণ আগামী ১৮.০২.২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:০০টায় প্রশাসনিক ভবনের নীচতলা ওয়ানস্টপ সার্ভিস পয়েন্টে উপস্থিত থাকবেন। প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়ার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধপূর্বক হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাহিরের প্রশিক্ষণার্থীগণের কোর্স শুরুর আগের দিন থেকে আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করতে পারবেন;
২. প্রশিক্ষণ কেন্দ্রে থাকা, খাওয়া ও শিক্ষা সফরের ব্যয় নির্বাহের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থী কমপক্ষে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা এবং আনুষঙ্গিক ব্যয় সাথে আনবেন;
৩. মনোনীত প্রতিষ্ঠান প্রধান কোর্স শুরুর অন্তত: ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট [www.naem.gov.bd](http://www.naem.gov.bd) এর প্রশিক্ষণসংক্রান্ত মেনুর>অন-লাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন;
৪. প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৫. বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাঁদের প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতির নিকট থেকে বর্তমান মূলবেতন উল্লেখ কও অংশগ্রহণের অনুমতিপত্র, এমপিও এর অনুলিপি এবং দুইকপি পাসপোর্ট সাইজ ছবি সঙ্গে আনতে হবে। যে সকল প্রতিষ্ঠান প্রধান এখনও এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৬. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৭. মনোনীত প্রতিষ্ঠান প্রধান যার বয়স ৫৭ (সাতান্ন) বছর অতিক্রান্ত করেছে, তাঁরা এ প্রশিক্ষণকোর্সে অংশগ্রহণের প্রয়োজন নেই;
৮. যিনি পূর্বে কখনও এই প্রশিক্ষণ গ্রহণ করেননি তিনি অগ্রাধিকার পাবেন। যিনি বিগত তিন বছরের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণের প্রয়োজন নেই;
৯. প্রশিক্ষণ সংক্রান্ত কোনো বিষয় জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক ড. মো. আয়েত আলী, উপপরিচালক (গ ও ত.) (সেল নং- ০১৭১২০৯৯০২৩; ই-মেইল: [ayetali42@gmail.com](mailto:ayetali42@gmail.com)) ও কোর্স সমন্বয়ক জয় প্রকাশ দে, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম (সেল নং-০১৫৫৪৩১৪৮৮৪)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে। উক্ত ইমেইলে আগামী ০১.০২.২০২৬ খ্রি. এর মধ্যে প্রশিক্ষণার্থীদের নামের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো;
১০. আমন্ত্রণপত্র, প্রশিক্ষণার্থীগণের নামের তালিকা, ব্যাংক হিসাবের তথ্য ছক নায়েম ওয়েবসাইট ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd))এ পাওয়া যাবে।

  
(প্রফেসর ড. সৈয়দা সারাই শিমুল)  
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)  
নায়েম, ঢাকা-১২০৫  
ফোন: ০২-৫৫১৬৭৫৩০

প্রাপক:


১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল

নং: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১৮.২২/ ১৬২৪ (৩৮)

তারিখ: ০৭.০১.২০২৬ বঙ্গাব্দ  
২০.০১.২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
৩. পরিচালক পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৪. উপ-পরিচালক (কলেজ), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/খুলনা/কুমিল্লা/সিলেট/রংপুর/ময়মনসিংহ অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা;
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
৬. হোস্টেল সুপারিনটেনডেন্ট (সকল), নায়েম, ঢাকা;
৭. প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৯. অফিস নথি।

  
(প্রফেসর সুলতানা মাহমুদা ইয়াসমীন)  
কোর্স পরিচালক

ও  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম  
সেল নং-০১৭১৩০৩৬৭৭০